# পরিচর্যা পান।
# কভার পান।

*পরিবার পরিকল্পনা সুবিধা প্রোগ্রাম*
*ও আরো অনেক কিছু*



Human Resources Administration
Department of Social Services

# সূচীপত্র




| | |
|---|---|
| পরিবার পরিকল্পনা সুবিধা প্রোগ্রাম কি? | 3 |
| সুবিধাগুলি কি কি? | 4 |
| কারা যোগ্য? | 4 |
| আমি কীভাবে পরিবার পরিকল্পনা সুবিধা প্রোগ্রামের (FPBP) জন্য আবেদন করব? | 7 |
| সম্ভাব্য যোগ্যতা কী? | 8 |
| আমি কোথায় FPBP এর জন্য আবেদন করব এবং FPBP কভার করে এমন পরিষেবা পাব? | 11 |
| FPBP সম্পর্কে আরও বিশদে কীভাবে জানতে পারব? | 13 |
| স্বাস্থ্য বিমার বিকল্প | 14 |
| যদি আমি NYSOH মার্কেটপ্লেসের মাধ্যমে কভারেজ না পাই তাহলে আমি অন্য কী কী উপায়ে চিকিৎসা পরিচর্যা পাব? | 15 |

# পরিবার পরিকল্পনা সুবিধা প্রোগ্রাম কী?



পরিবার পরিকল্পনা সুবিধা প্রোগ্রাম (Family Planning Benefit Program, FPBP) হল একটি 100% গোপনীয় নিউইয়র্ক স্বাস্থ্য বিমা কর্মসূচী। এতে একচেটিয়াভাবে নির্দিষ্ট আবশ্যকতা পূরণকারী যুব/যুবতী, মহিলা এবং পুরুষদেরকে যৌন ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। যদি আপনার বিমা না থাকে, ব্যক্তিগতভাবে বিমা প্রাপ্ত বা Child Health Plus এর আওতায় কভারপ্রাপ্ত হন এবং আপনার যৌন ও প্রজনন স্বাস্থ্য চাহিদা ও পরিষেবা গোপন রাখতে চান তাহলে কর্মসূচীটি আপনার জন্য উপলব্ধ। এছাড়াও আপনি 3 মাসের পুনরাবৃত্তিমূলক কভারেজের জন্য আবেদন করতে পারেন।

**দ্রষ্টব্য: যদি আপনি Medicaid দ্বারা কভারযুক্ত হন তাহলে আপনি FPBP পাবেন না কারণ আপনি Medicaid মাধ্যমে যৌন ও প্রজনন স্বাস্থ্য পরিষেবা পেতে পারেন।**

## সুবিধাগুলি কি কি?

**FPBP অধীনস্থ বিনামূল্যের পরিষেবা:**

- সমস্ত ধরণের জন্ম নিয়ন্ত্রম: **(পিল, কনডম, ডাইফ্রাফাম, প্যাচ, আইইউডি (ইন্ট্র্যাউটিরাইন ডিভাইস), ডেপো-প্রোভারা, নুভারিং এবং আরও অনেক কিছু) এবং** আপনার প্রয়োজনীয়তাগুলি পূরণ করে এমন জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি বেছে নিতে সাহায্য করে।
- জরুরি গর্ভনিরোধক সেবা (প্ল্যান বি) এবং ফলো-আপ
- প্রতিরোধক পরীক্ষা
- এসটিআই (যৌনবাহিত সংক্রমণ) এবং এইচআইভি (হিউম্যান ইমিউনোডিফেসিয়েন্সি ভাইরাস) এর কাউন্সেলিং ও পরীক্ষা করা
- গর্ভবস্থার কাউন্সেলিং এবং পরীক্ষা

**FPBP দ্বারা কভার করা হয় না এমন পরিষেবা:**

- গর্ভাবস্থা এবং জন্মপূর্ব সেবা
- গর্ভপাত
- এইচপিভি (মানুষের পামিলোমা ভাইরাস) টিকা
- উর্বরতা চিকিৎসা
- পরিবার পরিকল্পনা সাক্ষাতের সঙ্গে সম্পর্কিত এমন পরিষেবাগুলি


## কারা যোগ্য?

**আপনি FPBP এর মাধ্যমে কভারেজ পেতে পারেন যদি:**

- আপনি কিশোর/কিশোরী, প্রাপ্তবয়স্ক, যে কোনো বয়সের পুরুষ বা মহিলা হন
- আপনি নিউইয়র্কের একজন বাসিন্দা হন
- আপনি একজন মার্কিন নাগরিক হন অথবা অভিবাসী কিন্তু আপনার স্থিতি সন্তোষজনক
- আপনার আয় কর্মসূচীতে উল্লিখিত আয়ের আবশ্যকতার সমান বা তার থেকে কম*

***যদি আপনি আপনার পরিষেবা গোপন রাখতে চান তাহলে আপনি নিজে আবেদন করতে পারেন**




আমি কীভাবে পরিবার
পরিকল্পনা সুবিধা
প্রোগ্রামের (FPBP)
জন্য আবেদন করব?

## *FPBP এর জন্য আবেদন করতে গেলে আপনাকে একটি এক পাতার আবেদন পত্র সম্পূর্ণ করতে হবে এবং আপনার আবেদনের সঙ্গে নিম্নলিখিত নথি জমা দিতে হবে:*

**স্বচিত্র পরিচয়পত্র (একটি নিয়ে আসুন):** যেমন স্কুলের আইডি, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট বা অন্য সরকারি স্বচিত্র পরিচয়পত্র

**বয়সের প্রমাণপত্র (একটি নিয়ে আসুন):** জন্মের সনদ, দত্তক বা ফস্টার কেয়ার রেকর্ড, সরকারি হাসপাতাল বা স্কুলের রেকর্ড

**নাগরিকত্বের প্রমাণপত্র (যে কোনো একটি নথির আসলটি):** জন্ম সনদ, পাসপোর্ট, ন্যাচারালাইজেশন সার্টিফিকেট, "গ্রীন" কার্ড

**ঠিকানার প্রমাণপত্র (গত 6 মাসের - একটি নিয়ে আসুন):** যেমন ঠিকানা সহ স্বচিত্র পরিচয়পত্র, পোস্ট মার্ক করা খাম, ইউটিলিটি বিল, পত্রিকা বা চিঠি বা লীজের চুক্তি

**সামাজিক সুরক্ষা কার্ড,** বা মুখে মুখে নম্বর বলার জন্য প্রস্তুত থাকুন

**আয়ের প্রমাণপত্র (প্রযোজ্য সবগুলি নিয়ে আসুন):** যেমন পে স্টাব, আয় উল্লেখ করা নিয়োগকর্তার চিঠি, বেকারত্ব, শিশু সহায়তা, খরপোসের চিঠি বা পে স্টাব; যদি কোনো আয় না থাকে তাহলে আপনি পরিবারের কোনো সদস্যের থেকে আর্থিক সহায়তা পান তা জানিয়ে একটি চিঠি লিখুন

**শিশু সহায়তার খরচের কাগজপত্র** (প্রযোজ্য হলে নিয়ে আসুন)

# *সম্ভাব্য যোগ্যতা কী?*

যে সমস্ত ব্যক্তি FPBP এর জন্য সম্পূর্ণ আবেদন জমা দেয়ার আগে যোগ্য থাকেন তাদেরকে সম্ভাব্য যোগ্যতা অবিলম্বে কভারেজ প্রদান করে। সম্ভাব্য যোগ্যতা পাওয়ার আগে আপনাকে অবশ্যই কোনো Medicaid পরিবার পরিকল্পনা প্রদানকারীর কাছে যেতে হবে। আপনি FPBP এর জন্য যোগ্য কিনা তা নির্ধারণ করতে সহায়তার জন্য কর্মী আপনাকে স্ক্রীনিং ফর্ম সম্পূর্ণ করতে সহায়তা করবে।

## সম্ভাব্য যোগ্যতা পেতে আপনার কী নথি প্রয়োজন?

**কোনো নথি আবশ্যক নয়।**

আপনাকে শুধু নিম্নলিখিত তথ্য প্রদান করতে হবে:

1. আপনার পরিচয়
2. আপনার বয়স
3. আপনার আয়
4. আপনার আবাস
5. আপনার পরিবারের সদস্য সংখ্যা
6. আপনার নাগরিকত্ব বা সন্তোষজনক অভিবাসন স্থিতি

## আমার কাছে সম্ভাব্য যোগ্যতা মানে কি?

সম্ভাব্য যোগ্যতা মানে হল আপনি একটি Medicaid কার্ড পাবেন এবং স্ক্রীনিংয়ের দিন থেকে আপনার আবেদন প্রক্রিয়া না হওয়ার তারিখ পর্যন্ত এবং আপনি যোগ্য না হওয়া পর্যন্ত **সমস্ত** FPBP কভারযুক্ত পরিষেবা পাবেন আপনি FPBP এর জন্য যোগ। যদি আপনি আপনার আবেদন জমা না দেন অথবা সম্পূর্ণ না করেন, তাহলে আপনার সম্ভাব্য যোগ্যতা স্ক্রীনিংয়ের পরের মাসের শেষ দিনে শেষ হয়ে যাবে। আপনার সম্ভাব্য যোগ্যতার ক্ষমতা সীমিত।



## আমি FPBP এ আবেদন করার জন্য কোথায় যাব ও কভার পরিষেবা পাব?

আপনি নির্বাচিত প্রদানকারীদের কাছে FPBP এর জন্য আবেদন করতে পারেন। যৌন এবং প্রজনন স্বাস্থ্য পরিষেবা পেতে Medicaid গ্রহণ করে এমন যে কোনো প্রদানকারীর সঙ্গে দেখা করুন। এর মধ্যে ফার্মাসি, প্রাথমিক পরিচর্যার ডাক্তার, কমিউনিটি এবং স্কুল ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র, পরিবার পরিকল্পনা ক্লিনিক এবং হাসপাতাল।



নিচে 5টি বরোর FPBP প্রদানকারীদের ও নথিভুক্তকরণ কেন্দ্রের আংশিক তালিকা রয়েছে:

*** প্রদানকারীর অন-সাইট FPBP সহায়তা আছে কিনা নিশ্চিত হতে অনুগ্রহ করে ফোন করুন**

| **প্রদানকারী** প্রদানকারী ও নথিভুক্তকরণ কেন্দ্রের সম্পূর্ণ তালিকার জন্য এখানে যান: **www.nyc.gov/famplan** | **টেলিফোন নম্বর ও ওয়েবসাইট** | **প্রদানকারীদের জন্য বরো সাইটের অবস্থানগুলি** |
|---|---|---|
| Community Health Care Network | 866-246-8259 **www.chnnyc.org** | Bk, Bx, M, Q |
| Institute for Family Health | 212-206-5200 **www.institute2000.org** | Bx, M |
| MIC-Women's Health Services | 866-642-5589 **www.healthsolutions.org/mic** | Bk, Bx, Q |
| Montefiore Medical Center | 800-MD-MONTE **www.montefiore.org** | Bx |
| Morris Heights Health Center | 718-716-4400 **www.mhhc.org** | Bx |
| Mount Sinai Adolescent Health Center | 212-423-3000 **www.mountsinai.org** | M |
| NYC Health and Hospitals Corporation | একাধিক সাইট-সম্পূর্ণ তালিকার জন্য ওয়েবসাইট দেখুন **www.nyc.gov/hhc** | Bk, Bx, M, Q |
| Planned Parenthood of NYC | 800-230-PLAN **www.ppnyc.org** | Bk, Bx, M, SI |
| Staten Island University Hospital | 718-226-9000 **www.siuh.edu** | SI |
| The Door Adolescent Health Center | 212-941-9090 এক্সটেনশন 3222 **www.door.org** | M |



# FPBP সম্পর্কে আরও বিশদে কীভাবে জানতে পারব?



FPBP ও অন্যান্য স্বাস্থ্য বিমা কর্মসূচী সম্পর্কে জানতে অনুগ্রহ করে এখানে যোগাযোগ করুন:

- HRA শহর জুড়ে স্বাস্থ্য বিমার অফিস ওয়েব: **www.nyc.gov/hilink** বা ফোন নম্বর: **929-221-6793**
- Access NYC ওয়েব **www.nyc.gov/accessnyc**
- Planned Parenthood of NYC ওয়েব: **www.ppnyc.org** বা ফোন নম্বর: **212-965-7000**
- নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ ওয়েব: **www.health.state.ny.us** বা ফোন নম্বর: **800-541-2831**



# *স্বাস্থ্য বিমার বিকল্প*

এনওয়াই স্টেট অব্ হেলথ (NY State of Health, NYSOH), এনওয়াই স্টেটের অফিসিয়াল হেলথ প্ল্যান মার্কেটপ্লেস হল একক ব্যক্তি এবং ক্ষুদ্র ব্যবসার স্বাস্থ্য বিমা পাওয়ার একটি নতুন উপায়। এখানে Medicaid, Child Health Plus, Medicaid এর মাধ্যমে জন্মপূর্ববর্তী পরিচর্যা পরিষেবা, জরুরি Medicaid অবস্থার চিকিৎসার জন্য এবং ব্যক্তিগত স্বাস্থ্য বিমার জন্য মেডিকেইড। এটি হল একমাত্র জায়গা যেখানে আপনি কম খরচে বেসরকারি স্বাস্থ্য বিমা কভারেজ পাবেন। নাম নথিভুক্ত করতে অনুগ্রহ করে **www.nystateofhealth.ny.gov** এ যান বা **1-855-355-5777** নম্বরে ফোন করুন

# *যদি আমি NYSOH মার্কেটপ্লেসের মাধ্যমে কভারেজ না পাই তাহলে আমি অন্য কী কী উপায়ে চিকিৎসা পরিচর্যা পাব?*

যদি আপনি সরকারি স্বাস্থ্য বিমার জন্য যোগ্য না হন, যদিও তা সীমিত, তাহলে আপনার কাছে একাধিক কর্মসূচি ও সংস্থান রয়েছে। কিছু উপলব্ধ স্বাস্থ্য সেবা সংস্থান হল:

### এনওয়াইসি হেলথ এন্ড হসপিটাল কর্পোরেশন (Health and Hospitals Corporation, HHC)

HHC, HHC বিকল্পের মাধ্যমে যোগ্য নিউইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী স্বাস্থ্য সেবা প্রদান করে, **www.nyc.gov/hhc** দেখুন

### কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র

কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রগুলি স্বল্প খরচে বিস্তৃত চিকিৎসা পরিচর্যা প্রদান করে। আরো তথ্যের জন্য **www.chcanys.org/** এ যান

### স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (Department of Health and Mental Hygiene, DOHMH)

DOHMH একক ব্যক্তি এবং পরিবারবর্গকে টিকাকরণ, যৌন সংবাহিত রোগ পরীক্ষা, যক্ষার পরিষেবা ও ফ্লুয়ের টিকা সহ কমখরচে স্বাস্থ্য সেবার প্রস্তাব দেয়। শহর জুড়ে কেন্দ্রের তালিকার জন্য, **www.nyc.gov/health** এ যান

### স্কুল ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র (School-based Health Centers, SBHCs)

কিছু NYC সরকারি স্কুলে SBHCs আছে যা সেই স্কুলে ভর্তি হয়েছে এমন যেকোনো শিশুকে বিনা খরচে চিকিৎসা পরিচর্যা করে। **www.nyc.gov/schools** এ আরো জানুন

অতিরিক্ত তথ্য, প্রশিক্ষণ বা কর্মশালার জন্য অনুগ্রহ করে HRA এর স্বাস্থ্য বিমার অফিসের ওয়েবসাইট **OCHIA@hra.nyc.gov** অথবা **www.nyc.gov/hilink** দেখুন

NYC

**Bill de Blasio**
মেয়র

**Human Resources Administration**
Department of Social Services

**Steven Banks**
কমিশনার

@NYCHRA

HRA NYC

nychra

© কপিরাইট 2017, নিউইয়র্ক শহরের মানব সম্পদ প্রশাসন/সমাজ সেবা বিভাগ। এই তথ্যপত্রের পুরোটা বা তার কোনো অংশ আবার তৈরি করার জন্য অনুমতি নিতে নিউইয়র্ক শহরের মানব সম্পদ প্রশাসনের সঙ্গে যোগাযোগ করুন

BRC-962 (BN)
Rev. 05/17